

যুগান্তর

প্রিন্ট: ১৬ নভেম্বর ২০২৫, ০৮:২১ এএম

অন্যান্য

‘ঢাকা বিশ্ববিদ্যালয়: ইতিহাসে, স্মৃতিতে’ বইয়ের প্রকাশনা অনুষ্ঠান



যুগান্তর ডেস্ক

প্রকাশ: ১৫ নভেম্বর ২০২৫, ১১:১৩ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের শিক্ষক, ইমেরিটাস অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরীর লেখা ‘ঢাকা বিশ্ববিদ্যালয় : ইতিহাসে, স্মৃতিতে’ বইয়ের প্রকাশনা অনুষ্ঠান ও আলোচনাপর্ব অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১৫ নভেম্বর) বিকাল ৪টায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে বইটির প্রকাশনা উপলক্ষে এ আলোচনাপর্ব অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খ্যাতিমান শিক্ষাবিদ অধ্যাপক ফিরদৌস আজিম।

প্রকাশনা প্রতিষ্ঠান বেঙ্গলবুকসের উদ্যোগে এতে অতিথি আলোচক হিসেবে উপস্থিত ছিলেন, ডেইলি স্টার সম্পাদক মাহফুজ আনাম; বরেণ্য শিক্ষাবিদ ও অনুবাদক অধ্যাপক খালিকুজ্জামান ইলিয়াস; বরেণ্য নাট্যব্যক্তিত্ব, লেখক ও অনুবাদক খায়রতল আলম সবুজ; কথাসাহিত্যিক আহমাদ মোস্তফা কামাল; তরুণ লেখক ও গবেষক কাজী সামিও শীশ এবং বেঙ্গলবুকসের প্রকাশক ও ‘বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিত্রেতা সমিতি (বাপুস)’ এর সিনিয়র সহ-সভাপতি মাহমুদুল হাসান।

আলোচকরা তাদের আলোচনায় বইটি নিয়ে বলেন, সিরাজুল ইসলাম চৌধুরীর ঢাকা বিশ্ববিদ্যালয় : ইতিহাসে, স্মৃতিতে বইটি বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা, বিকাশ ও সমাজ- রাজনীতিতে বিশ্ববিদ্যালয়ের ভূমিকা নিয়ে এক গভীর বিশ্লেষণ। লেখক এখানে ব্যক্তিগত স্মৃতি ও ঐতিহাসিক তথ্যকে তুলে ধরেছেন নিরপেক্ষ দৃষ্টিতে।

এতে রয়েছে গুরুত্বপূর্ণ শিক্ষানীতি, রাষ্ট্রচেতনার বিকাশ ও বুদ্ধিজীবী সমাজের গতিপথের স্পষ্ট অনুধাবন। সংযত অর্থে স্পষ্ট ভাষায় রচিত এ বইটি ইতিহাস, শিক্ষা ও সমাজচিন্তার আন্তঃসম্পর্ক বোঝার এক নির্ভরযোগ্য সহায়ক হয়ে উঠতে পারে।

বেঙ্গলবুকসের প্রকাশক মাহমুদুল হাসান, আমরা দেখেছি যে, দেশে পাঠ্যবইয়ের বাইরে সৃজনশীল বই পাঠের অভ্যাস তুলনামূলকভাবে কম। এ কারণে আমরা শিশুদের জন্য কিন্ডারবুকস চালু করি, যাতে তারা গল্ল-ছড়ার মাধ্যমে শৈশবেই পড়ার আনন্দ আবিষ্কার করতে পারে। এরপর, বেঙ্গলবুকস প্রতিষ্ঠার মাধ্যমে প্রাপ্তবয়স্ক পাঠকদের জন্য নানা ধরনের সাহিত্য ও গবেষণাধর্মী বই প্রকাশের উদ্যোগ নিই। আমাদের লক্ষ্য শুধু বই প্রকাশ নয়, বরং নতুন

লেখক তৈরি করা এবং পাঠকদের মানসম্মত বই উপহার দেওয়া। আমরা চাই আমাদের বইগুলো সর্বত্রগামী হোক। বেঙ্গলবুকস মূলত সাহিত্য, ইতিহাস, সমাজবিজ্ঞান, দর্শন, গবেষণা এবং অনুবাদগ্রন্থ প্রকাশে আগ্রহী। আমরা এমন বই প্রকাশ করতে চাই, যা পাঠকের চিন্তার জগতে নতুন দিগন্ত উন্মোচন করবে এবং সমাজ গঠনে ভূমিকা রাখবে। এ বই তেমনই একটি বই।